# বাংলাদেশ সেনাবাহিনীতে অফিসার ক্যাডেট হিসেবে যোগ দিন

## ৮৭তম বিএমএ স্পেশাল (এএমসি) এবং ৭১তম বিএমএ স্পেশাল (এডিসি) কোর্স

**সমরে ও শান্তিতে রাখিব সুস্থ**

### যোগ্যতাঃ

১। **বয়স**। ০১ জুলাই ২০২৬ তারিখে অনূর্ধ্ব ২৮ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

২। **শারীরিক মান (ন্যূনতম)**।

| ক্রমিক | শারীরিক যোগ্যতা | পুরুষ প্রার্থীদের জন্য | মহিলা প্রার্থীদের জন্য |
|---|---|---|---|
| ক। | উচ্চতা | ১.৬৩ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি) | ১.৫২ মিটার (৫ ফুট ০ ইঞ্চি) |
| খ। | ওজন* | ৫৭.০০ কেজি (১২৬ পাউন্ড) | ৪৮.০০ কেজি (১০৫ পাউন্ড) |
| গ। | বুক | স্বাভাবিক- ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)<br>প্রসারণ - ০.৮১ মিটার (৩২ ইঞ্চি) | স্বাভাবিক- ০.৭১ মিটার (২৮ ইঞ্চি)<br>প্রসারণ - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি) |
| * উচ্চতা ও বয়স অনুসারে সেনাবাহিনীর জন্য নির্ধারিত স্কেলের অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবেন। | | | |

৩। **শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)**।

ক। **আর্মি মেডিকেল কোর (পুরুষ/মহিলা)**।

(১) এমবিবিএস ডিগ্রী (সরকার কর্তৃক স্বীকৃত মেডিকেল কলেজ)।
(২) বিএমএ যোগদানের পূর্বে অবশ্যই ইন্টার্নশীপ সম্পন্ন করতঃ ইন্টার্নশীপ সার্টিফিকেট জমা করতে হবে।
(৩) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সর্বমোট জিপিএ-৯ (তবে, যেকোন পরীক্ষায় জিপিএ-৪.৫ এর কম নয়)।

খ। **আর্মি ডেন্টাল কোর (পুরুষ/মহিলা)**।

(১) বিডিএস ডিগ্রী (সরকার কর্তৃক স্বীকৃত ডেন্টাল কলেজ)।
(২) বিএমএ যোগদানের পূর্বে অবশ্যই ইন্টার্নশীপ সম্পন্ন করতঃ ইন্টার্নশীপ সার্টিফিকেট জমা করতে হবে।
(৩) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সর্বমোট জিপিএ-৯ (তবে, যেকোন পরীক্ষায় জিপিএ-৪.৫ এর কম নয়)।

৪। **বৈবাহিক অবস্থা**।

ক। **পুরুষ**। অবিবাহিত। তবে, ০১ জুলাই ২০২৬ তারিখে যাদের বয়স ২৬ বছরের উপরে হবে সে সকল বিবাহিত পুরুষ প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

খ। **মহিলা**। বিবাহিতা/অবিবাহিতা

৫। **জাতীয়তা**। জন্মসূত্রে বাংলাদেশি নাগরিক।

### অযোগ্যতাঃ

৬। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা যেকোন সরকারি চাকরি/প্রশিক্ষণ হতে বরখাস্ত/অপসারিত/স্বেচ্ছায় পদত্যাগ গ্রহণ।

৭। আইএসএসবি (ISSB) কর্তৃক ০২ (দুই) বার স্ক্রিন্ড আউট/রেডকার্ড (একবার স্ক্রিন্ড আউট ও একবার রেডকার্ড হলে আবেদন করা যাবে)। তবে ০৫ (পাঁচ) বছর পূর্বে ০২ (দুই) বার স্ক্রিন্ড আউট/রেডকার্ড প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

৮। প্রতিটি চোখের দৃষ্টিক্ষিনতা ও দূরদৃষ্টি ২.৫ ডাইঅপ্টার এর বেশি এবং বিষমদৃষ্টি ১.০ ডাইঅপ্টার এর বেশি হলে সেক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবেন।

৯। সেনা, নৌ ও বিমান বাহিনীর আপিল মেডিকেল বোর্ড কর্তৃক অযোগ্য ঘোষিত।

১০। মেডিকেল ও ডেন্টাল কলেজের সকল পেশাগত পরীক্ষাসমূহে সর্বমোট ০২ (দুই) এর অধিক বিষয়ে রেফার্ড প্রাপ্ত ডাক্তারগণ সেনাবাহিনীতে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

১১। দ্বৈত নাগরিকত্ব অথবা বাংলাদেশ ব্যতীত অন্য কোন দেশে স্থায়ীভাবে বসবাসের অনুমতি থাকলে।

১২। ভর্তি প্রক্রিয়ার যেকোন পর্যায়ে ভূল বা মিথ্যা তথ্য প্রদান করা হলে প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। যেকোন ফৌজদারী অপরাধের জন্য আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত।

### আবেদন করার পদ্ধতিঃ

১৪। **২৩ জানুয়ারি ২০২৬ হতে ২৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ পর্যন্ত** শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে।

১৫। আবেদনকারী প্রার্থীগণকে https://join.army.mil.bd ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর উপরে ডান পার্শ্বে Apply Now তে ক্লিক করে বর্ণিত কোর্সে Apply করতে হবে।

১৬। আবেদনকারী প্রার্থীগণকে টেলিটক, VISA/Master Card, TAP, Bkash, Nagad, Rocket ইত্যাদির মাধ্যমে ১,০০০/- (এক হাজার) টাকা আবেদন ফি এবং ১,০০০/- (এক হাজার) অনলাইন রেজিস্ট্রেশন ফি বাবদ সর্বমোট ২,০০০/- (দুই হাজার) টাকা (অফেরৎযোগ্য) প্রদান করতে হবে। আবেদন প্রক্রিয়াতেই ওয়েব সাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি ও অনলাইন রেজিস্ট্রেশন ফি প্রদান করা যায় এবং তাৎক্ষণিকভাবে প্রাথমিক সাক্ষাৎকারের কল-আপ লেটার পাওয়া যায়।

**অনলাইনে আবেদন করতে ভিজিট করুন**
**https://join.army.mil.bd**

**সাপোর্ট নম্বর: +৮৮০১৭১৩১৬১৯৭৯**
**ই-মেইল: joinarmy.helpdesk@gmail.com**









### নির্বাচন পদ্ধতিঃ

১৭। **লিখিত পরীক্ষা**। লিখিত পরীক্ষা (পেশাগত বিষয়ে ১০০ নম্বর) **আগামী ০৬ মার্চ ২০২৬ তারিখ ০৯০০ ঘটিকায়** শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতঃ প্রার্থীরা কল-আপ লেটার প্রিন্ট করে নিবেন এবং পরীক্ষার সময় কল-আপ লেটার ও জাতীয় পরিচয় পত্রের মূলকপি (NID Card) সাথে বহন করবেন। লিখিত পরীক্ষার ফলাফল **এপ্রিল ২০২৬ মাসে** ওয়েবসাইট ও এসএমএস/টেলিফোনের মাধ্যমে জানানো হবে।

১৮। **প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা আগামী ১২ এপ্রিল ২০২৬ হতে ২১ এপ্রিল ২০২৬ তারিখ পর্যন্ত ডিজিএমএস অফিস, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার সময় সকল পরীক্ষার সার্টিফিকেট ও মার্কসীট এর মূলকপি (এসএসসি/ও লেভেল, এইচএসসি/এ লেভেল, এমবিবিএস/বিডিএস, ইন্টার্ণশীপ, বিএমডিসি রেজিষ্ট্রেশন কার্ড, এফসিপিএস পার্ট-১/এমডি/অন্যান্য যদি থাকে এবং কল-আপ লেটার) প্রদর্শন করতে হবে, অন্যথায় অযোগ্য বলে বিবেচিত হবেন।**

১৯। **আইএসএসবি পরীক্ষা**। লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ঢাকা সেনানিবাসে অবস্থিত আইএসএসবি এর নিকট পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ আইএসএসবি এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে। এই পরীক্ষা চার দিনে সম্পন্ন হবে এবং যাবতীয় ব্যয় সরকার কর্তৃক বহন করা হবে।

২০। **চূড়ান্ত নির্বাচন এবং যোগদানপত্র প্রদান**। উপরোক্ত সকল পরীক্ষায় যোগ্য প্রার্থীদের মেধাক্রম অনুযায়ী সেনাবাহিনী সদর দপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত ঘোষণা এবং যোগদানপত্র প্রদান করা হবে।

### প্রশিক্ষণ ও কমিশনঃ

২১। **বিএমএ প্রশিক্ষণ**। আইএসএসবি ও ডাক্তারী পরীক্ষায় যোগ্য এবং সেনাসদর কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার পর বিএমএ ২৪ (চব্বিশ) সপ্তাহ প্রশিক্ষণ গ্রহণ করবেন।

২২। **কমিশন ও পশ্চাৎ প্রবীণতা**। প্রশিক্ষণ সমাপ্তির পর বিধি মোতাবেক পদবী ও পশ্চাৎ প্রবীণতা প্রাপ্য হবেন।

### প্রাপ্ত সুযোগ সুবিধাঃ

২৩। **বেতন-ভাতা**। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী অফিসার ক্যাডেটগণ বেতন ও ভাতা প্রাপ্ত হবেন।

২৪। **অন্যান্য বিশেষত্বঃ**

ক। **বাসস্থান**। নিরাপদ ও মনোরম পরিবেশে প্রাধিকার অনুযায়ী বাসস্থান প্রাপ্তির সুযোগ পাবেন।

খ। **চিকিৎসা**। সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দুরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে বিধি মোতাবেক নগদ অর্থ প্রদানসহ বিদেশে সুচিকিৎসার সুযোগ পাবেন।

গ। **সন্তানদের অধ্যয়ন**। নিজ সন্তানদের জন্য সেনাবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজ ও প্রতিষ্ঠানসমূহে যোগ্যতা অনুযায়ী অধ্যয়নের সুযোগ পাবেন।

### বিশেষ নির্দেশনাঃ

২৫। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে বিএমএ যোগদানের পূর্বে সাঁতার শেখার জন্য উপদেশ দেয়া হলো।

২৬। এএফএমসি হতে পাশকৃত প্রার্থীগণ এএফএমসি এর মাধ্যমে অন-লাইনে আবেদন করতে হবে।

২৭। বিজ্ঞপ্তির যেকোন অংশ পরিবর্তনের ক্ষমতা সেনাবাহিনী সদর দপ্তর সংরক্ষণ করে।

২৮। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানপত্র প্রদান/বাতিলের ক্ষমতা সেনাবাহিনী সদর দপ্তর সংরক্ষণ করে।

## আবেদনের শেষ তারিখ
## ২৪ ফেব্রুয়ারি ২০২৬

পরিচালক
পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর
এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা